চিঁড়েতন হর্তন ইস্কাবন
অতি সনাতন ছন্দে কর্তেছে নর্তন।
কেউ বা ওঠে কেউ পড়ে,
কেউ বা একটু নাহি নড়ে,
কেউ শুয়ে শুয়ে ভুঁয়ে করে কালকর্তন ॥
নাহি কহে কথা কিছু–
একটু না হাসে, সামনে যে আসে
চলে তারি পিছু পিছু।
বাঁধা তার পুরাতন চালটা,
নাই কোনো উল্টা-পাল্টা– নাই পরিবর্তন ॥

---

Parjaay: Natya-geeti, Taal: Kaharwa, Raag: Iman
Visit www.geetabitan.com for notation and other detail